

ছোটদের দ্বীত শিক্ষা

নার্সারি (বয়স যখন ৫+)

লেখক ও সংকলক

শফিউদ্দিন চৌধুরী, এস. এম. হাসিবুল আলম তাওসিফ

সম্পাদক

মাওলানা রাকিবুল ইসলাম

কবিতা

জাকারিয়া মাসুদ, মাওলানা রাকিবুল ইসলাম

বানান

মনির হুসাইন

শিল্প নির্দেশনা

নয়ন সরকার

চিত্রাঙ্কন

আশরাফুল আজীম

গ্রাফিক ডিজাইন

শেখ রাইফুল ইসলাম রাহাদ

রায়হান মুক্তাদির

সূচিপত্র

অধ্যায়	পরিচ্ছেদ	পাঠ	ক্লাস	পৃষ্ঠা
১. ঈমান	১	১. মহান আল্লাহ এক (আল-আহাদ)	২	৫
		২. আল্লাহ মোদের ভালোবাসেন	৩	৭
		৩. সূরা নাসর	৩	৯
	২	১. নামাজের সংক্ষিপ্ত নিয়মকানুন	৩	১১
		২. নামাজ সম্পর্কে ছোট হাদীস	২	১৪
		৩. ফরজ বলতে যা বোঝায়	২	১৫
	৩	১. আখিরাত-জীবন	৩	১৭
		২. উত্তম আখলাক	২	১৯
		৩. ঘরে প্রবেশের দুআ	৩	২১
		৪. অনুশীলনী	২	২২
২. ইবাদত	৪	১. মহামহিম	৩	২৫
		২. মহান আল্লাহর ভয়	২	২৭
		৩. সূরা কাউসার	৩	২৯
	৫	১. রোজার বেসিক শিক্ষা	২	৩১
		২. রোজা সম্পর্কে ছোট হাদীস	২	৩৪
		৩. সুন্নত	২	৩৫
	৬	১. মহাপ্রলয়ের দিবস	২	৩৭
		২. ভ্রাতৃত্বের বন্ধন	৩	৪০
		৩. ঘর থেকে বের হওয়ার দুআ	২	৪২
		৪. অনুশীলনী	২	৪৩

৩. রিসালাত

৭

১. প্রিয়নবি

২

৪৬

২. তাওহীদ

২

৪৮

৩. সূরা কুরাইশ

৩

৪৯

৮

১. হজের সংক্ষিপ্ত নিয়মকানুন

২

৫১

২. হজের সম্পর্কে ছোট্ট হাদীস

৩

৫৪

৩. মুস্তাহাব বলতে যা বোঝায়

২

৫৫

৯

১. চিরসুখ রয়েছে যেথায়

২

৫৭

২. গালি দেওয়া খারাপ কাজ

৩

৫৮

৩. ঘুমোতে যাওয়ার দুআ

৩

৬০

৪. অনুশীলনী

২

৬১

৪. ইসলামি জীবন

১০

১. রিসালাত

২

৬৪

২. নবিজির ভালোবাসা

৩

৬৫

৩. সূরা আসর

৩

৬৭

১১

১. ছবির মাধ্যমে যাকাতের নিয়মাবলি

২

৬৯

২. যাকাত সম্পর্কে ছোট্ট হাদীস

২

৭১

৩. মাকরুহ বলতে যা বোঝায়

২

৭২

১২

১. দুঃখের যেথায় নেইকো শেষ

২

৭৪

২. হিংসা-বিদ্বেষ

৩

৭৫

৩. ঘুম থেকে ওঠার পর দুআ

৩

৭৭

৪. অনুশীলনী

২

৭৮




রুনুর দাদু জিজ্ঞেস করলেন, ‘বলো তো রুনু, আমাদেরকে কে সৃষ্টি করেছেন?’



রুনু এক আঙুল তুলে বলল, ‘আল্লাহ সৃষ্টি করেছেন। এটা তো খুবই সহজ।’



দাদু বললেন, ‘এ সহজ কথা সবাই বিশ্বাস করে না। অনেকে মূর্তির পূজা করে।’



দেখবে অনেকে মাজারে সিজদা করে। এটি আল্লাহর সাথে শিরক, অথচ আল্লাহ এক।



কিছু মানুষ সব ধর্মকেই সত্য বলে, এটিও ভুল। কারণ সত্য ধর্ম শুধুই ইসলাম।



তাই আমরা সবসময় দুআ করব, যেন আল্লাহ আমাদেরকে ইসলামের পথে অটল রাখেন।’

১. গুনি ও বলি




রবের সেরা জীব মোরা,
মোদের তরেই দুনিয়া।
এত নিয়ামত আছে এথা,
শেষ হবে না গুনিয়া।

সুখ-দুঃখ দিয়ে তিনি
জীবন রাখেন ভরিয়া
সবই তাঁর ভালোবাসা
করব মোরা শুকরিয়া।



ইন্তেকালের আগে নবি ﷺ খুব অসুস্থ হয়ে পড়েন। ফাতিমা ؓ তখন বাবাকে দেখতে এলেন। কলিজার টুকরা মেয়েকে পেয়ে খুব খুশি হলেন আল্লাহর নবি ﷺ। আদর করে তাঁকে কাছে ডেকে নিলেন। পাশে বসিয়ে কিছু একটা বললেন কানে কানে। কথাটা শুনে ফাতিমা ؓ কাঁদতে থাকলেন! এরপর নবিজি আবার তাঁকে কাছে ডেকে নিলেন। আবারও কানে কানে কিছু একটা বললেন। এবার খুশি হয়ে গেলেন ফাতিমা ؓ। আয়িশা ؓ তখন জানতে চাইলেন, এই কান্না-হাসির রহস্য কী। উত্তরে ফাতিমা ؓ বললেন, ‘আমি রাসূলুল্লাহ ﷺ-এর গোপন কথা কাউকে বলতে পারব না।’

অবশেষে নবি ﷺ-এর ইন্তেকাল হয়ে গেল। এর পরে আয়িশা ؓ আবার ফাতিমা ؓ-কে ব্যাপারটি জিজ্ঞেস করলেন। ঘটনাটি মনে করিয়ে দিয়ে রহস্য জানতে চাইলেন। এবার ফাতিমা ؓ মুখ খুললেন। তিনি বললেন, ‘আব্বাজান প্রথমবার বলেছিলেন, মৃত্যু তাঁর নিকটে। এ কথা শুনে আমি কেঁদে ফেললাম। আমাকে কাঁদতে দেখে তিনি জানালেন, পরিবারের মধ্যে সবার আগে আমিই তাঁর সাথে সাক্ষাৎ করব। আর আমি হব জান্নাতি নারীদের নেত্রী। তখন আমি হেসে দিলাম।’





بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

১

যখন আসবে আল্লাহর সাহায্য
আর বিজয়।

إِذَا جَاءَ نَصْرُ اللَّهِ وَالْفَتْحُ

(ইযা-জা- আ নাসরুল্লা-হি ওয়াল ফাতহু)

২

এবং আপনি দেখবেন
মানুষ দলে দলে আল্লাহর
দ্বীনে প্রবেশ করছে।

وَرَأَيْتِ النَّاسَ يَدْخُلُونَ فِي دِينِ اللَّهِ أَفْوَاجًا

(ওয়া রআইতান্না-সা ইয়াদখুলু-না ফী- দী-নিল্লাহি আফওয়া-জা-)

৩

তখন আপনার প্রতিপালকের
প্রশংসা-সহ তাসবীহ পাঠ
করবেন এবং তাঁর কাছে
ক্ষমা চাইবেন; নিশ্চয়ই তিনি
ক্ষমাকারী।

فَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ وَاسْتَغْفِرْهُ
إِنَّهُ كَانَ تَوَّابًا

(ফাসাব্বিহু বিহামদি রবিবকা ওয়াসতাগফিরহু;
ইন্নাহু- কা-না তাওয়া-বা-)



ফরজ আরবি শব্দ। এর মানে হলো, মহান আল্লাহ যা-কিছু আদেশ করেছেন, এবং যা-কিছু করতে নিষেধ করেছেন, সেগুলো অক্ষরে অক্ষরে পালন করা।

যেমন : নামাজ আদায় করা, যাকাত দেওয়া ইত্যাদি।



১. রং করি এবং দাগ টেনে মিলাই

মহান আল্লাহ
যা নিষেধ
করেছেন তা




মহান আল্লাহ
যা আদেশ
করেছেন তা

ফরজ

অক্ষরে অক্ষরে
পালন করতে হবে

আরবি শব্দ

২. চলো ফরজ খুঁজে বের করি





ঘরে প্রবেশের দুআ

بِسْمِ اللَّهِ وَلَجْنَا، وَبِسْمِ اللَّهِ خَرَجْنَا،
وَعَلَى اللَّهِ رَبِّنَا تَوَكَّلْنَا


(বিসমিল্লা-হি ওয়ালজনা-, ওয়াবিসমিল্লাহি খারাজনা-,
ওয়া‘আল্লাহি রব্বিনা- তাওয়াক্কালনা-)

আল্লাহর নামে আমরা প্রবেশ করলাম, আল্লাহর
নামেই আমরা বের হলাম এবং আমাদের রব
আল্লাহর ওপরই আমরা ভরসা করলাম।


আবু দাউদ, ৫০৯৬



১. নাম্বার দিয়ে ধারা ঠিক করো



২. নিচের ছবিগুলো থেকে ভালো ছবিটি চিহ্নিত করে টিক চিহ্ন দাও



ক

سُورَةُ النَّصْرِ

খ



৪. ছবির সাথে ছবি মিলাও

